০

# গাজীপুর সিটি কর্পোরেশন

## নগর ভবন

প্রশাসন শাখা

gcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## গাজীপুর সিটি কর্পোরেশনের তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব জায়েদা খাতুন<br>মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। |
| সভার স্থান | ঃ | নগর ভবন, সম্মেলন কক্ষ, গাজীপুর সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | ঃ | ১৪.০২.২০২৪ খ্রিঃ, রোজ বুধবার। |
| সভার সময় | ঃ | সকাল ১১:০০ ঘটিকা। |

**** সভায় উপস্থিত/অনুপস্থিত কাউন্সিলরবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"**
**** গৃহিত উন্নয়ন প্রকল্পের তালিকাঃ পরিশিষ্ট "খ"**

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন। সভায় গাজীপুর সিটি কর্পোরেশনের উপদেষ্টা জনাব আলহাজ্ব মোহাম্মদ জাহাঙ্গীর আলম বলেন যে, গত ৭ জানুয়ারি জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। দেশনেত্রী ও দেশরত্ন মাননীয় শেখ হাসিনা টানা চতুর্থ বার প্রধানমন্ত্রী হওয়ায় তাঁকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি গাজীপুর জেলার ০৫টি আসনের নবনির্বাচিত সংসদ সদস্যদেরকেও শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। তিনি গাজীপুর-১ আসনের মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব এডভোকেট আ,ক,ম, মোজাম্মেল হককে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব দেয়ায় দেশনেত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানান। সেইসাথে গাজীপুর-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব মোঃ জাহিদ আহসান রাসেল, গাজীপুর-৩ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব রুমানা আলী টুসি, গাজীপুর-৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব সিমিন হোসেন রিমি এবং গাজীপুর-৫ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ আখতারুজ্জামানকে মাননীয় মেয়র ও কাউন্সিলরগণের মাধ্যমে শুভেচ্ছা ও অভিনন্দন বার্তা পাঠাবেন। মাননীয় উপদেষ্টা মহোদয় আরো বলেন যে, উপস্থিত মাননীয় মেয়র, সম্মানিত কাউন্সিলরগণ, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, সিটি কর্পোরেশনের সম্মানিত নাগরিক কোন ওয়ার্ডে কে মৃত্যুবরণ করেন, তার শোক প্রস্তাব কর্পোরেশন সভায় রাখার জন্য। অতঃপর আলোচ্য সূচীর আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ।

আলোচ্য সূচী -০১ ঃ বিগত মাসিক সভার কার্যবিবরণী অনুমোদন।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এস এম সফিউল আজম গত কর্পোরেশন সভার কার্যবিবরণী সভায় পড়ে শুনান। | গত কর্পোরেশন সভার কার্যবিবরণী পাঠান্তে উহা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশিষ্ট বিভাগ |

Scanned with CamScanner

আলোচ্যসূচী -০২ ঃ ২১ ফেব্রুয়ারি-২০২৪, ২৫ ফেব্রুয়ারি-২০২৪ ও ৭ই মার্চ ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে আলোচনা

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>০২</td><td>সভাপতির অনুমতিক্রমে ৩৩নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মিজানুর রহমান তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বক্তব্য প্রদান করেন। তিনি আগামী ২১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪' এবং 'ঐতিহাসিক ৭ই মার্চ-২০২৪' এবং ২৫ ফেব্রুয়ারি "জাতীয় স্থানীয় সরকার দিবস" দিবসটি স্থানীয়ভাবে ২৫ ফেব্রুয়ারির পরিবর্তে ২৭ ফেব্রুয়ারি পালনের সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত দিবসগুলো উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের নির্দেশনার আলোকে জেলা প্রশাসন কার্যালয়ের কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে গাজীপুর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে অনুষ্ঠানসমূহে সকলকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td><u>গৃহিত কর্মসূচি সমূহ</u>
<table>
<tr><th>তারিখ</th><th>সময়</th><th>কর্মসূচি</th><th>স্থান</th></tr>
<tr><td>২০.০২.২০২৪</td><td>দিবাগত রাত ১২.০১ মিনিট</td><td>পুষ্পস্তবক অর্পণ</td><td>গাজীপুর কেন্দ্রীয় শহীদ মিনার</td></tr>
<tr><td>২১.০২.২০২৪</td><td>সূর্যোদয়ের সাথে সাথে</td><td>জাতীয় পতাকা অর্ধনমিত রাখা</td><td>নগর ভবন, আঞ্চলিক কার্যালয় (সকল) বঙ্গতাজ অডিটোরিয়াম ও ওয়ার্ড কার্যালয় (সকল)</td></tr>
<tr><td>২১.০২.২০২৪</td><td>বাদ জোহর/সুবিধা জনক সময়ে</td><td>দেশ ও জাতির সমৃদ্ধি ও ভাষা শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া/প্রার্থনা</td><td>সিটি কর্পোরেশনে অবস্থিত সকল মসজিদ ও ধর্মীয় উপাসনালয়</td></tr>
<tr><td>২১.০২.২০২৪</td><td></td><td>ফেস্টুন, ব্যানার</td><td>নগর ভবন হতে মূল সড়ক হয়ে টঙ্গীর প্রবেশ মুখ পর্যন্ত</td></tr>
<tr><td>২৭.০২.২০২৪</td><td>জাতীয় স্থানীয় সরকার দিবস</td><td>ফেস্টুন, ব্যানার, নিয়ন সাইন দ্বারা সিটি কর্পোরেশন সজ্জিত করন</td><td>নগর ভবন ও আঞ্চলিক কার্যালয় (সকল)</td></tr>
<tr><td>২৭.০২.২০২৪</td><td>জাতীয় স্থানীয় সরকার দিবস</td><td>পরিস্কার পরিচ্ছন্নতার বিশেষ র‍্যালী</td><td>সিটি কর্পোরেশন এলাকা</td></tr>
<tr><td>২৭.০২.২০২৪</td><td>জাতীয় স্থানীয় সরকার দিবস</td><td>যে কোন বিশেষ সেবা প্রদান (রক্তদান,জন্ম নিবন্ধন, ট্যাক্স আদায় ও লাইসেন্স প্রদান</td><td>ফ্রি মেডিক্যাল ক্যাম্প, বার্থ রেজিস্ট্রেশন, ট্যাক্স আদায় ও লাইসেন্স প্রদান (নগর ভবন)</td></tr>
<tr><td>৭ই মার্চ ২০২৪</td><td>সকাল ১০.০০ টা</td><td>জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ</td><td>জেলা প্রশাসন কার্যালয়, গাজীপুর</td></tr>
<tr><td>৭ই মার্চ ২০২৪</td><td></td><td>গুরুত্বপূর্ণ স্থানসমূহে ফেস্টুন, ব্যানার দ্বারা সজ্জিতকরণ</td><td>নগর ভবন, আঞ্চলিক কার্যালয় (সকল),বঙ্গতাজ অডিটোরিয়াম ও ওয়ার্ড কার্যালয় (সকল)</td></tr>
<tr><td>৭ই মার্চ ২০২৪</td><td></td><td>আলোকসজ্জা</td><td>নগর ভবন ও আঞ্চলিক কার্যালয় (সকল)</td></tr>
</table>
উল্লেখিত কর্মসূচি কমিটি গঠনের মাধ্যমে বাস্তবায়ন করবেন।</td></tr>
</table>

Scanned with CamScanner

আলোচ্য সূচী -৩ ঃ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| মাননীয় মেয়র মহোদয় গাজীপুর সিটি কর্পোরেশনের নিজস্ব/উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় গত ২ বছরের গৃহিত/ বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন সাইট সংক্রান্ত জটিলতা সংক্রান্ত প্রকল্প/স্থগিতকৃত প্রকল্প/টেন্ডারকৃত প্রকল্প ইত্যাদি বিষয়ে বিস্তারিত তথ্য সভায় উপস্থাপনের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানান। প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট জোনের নির্বাহী প্রকৌশলীগণ বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন।<br><br>এ বিষয়ে মাননীয় মেয়র মহোদয় উপস্থিত সম্মানিত কাউন্সিলর এবং মাননীয় উপদেষ্টা মহোদয়কে আলোচনা করার আহবান জানান।<br>উপস্থিত সম্মানিত ৪৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ হেলাল উদ্দিন, ৪৬নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ নূরুল ইসলাম, ২৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ জাবেদ আলী, ৬নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আসাদুজ্জামান তুলা কর্পোরেশন সভায় আলোচনায় অংশগ্রহণ করেন এবং সকলেই বিভিন্ন পর্যায়ের প্রকল্পগুলির বিষয়ে সিদ্ধান্ত নেয়ার বিষয়ে অনুরোধ জানান এবং বর্তমান অর্থ বৎসরে নিজস্ব তহবিলের আওতায় কিছু প্রকল্প গ্রহণের জন্য মাননীয় মেয়র মহোদয়কে অনুরোধ জানান।<br><br>মাননীয় উপদেষ্টা মহোদয় সভাকে জানান যে, গাজীপুরের জনগণ ২০১৮ সালে গাজীপুর মহানগরের উন্নয়নের লক্ষ্যে আমাকে বিপুল ভোটে নির্বাচিত করেছিলেন।<br><br>আমি আমার কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আমার সর্বোচ্চ মেধা খাটিয়ে পরিকল্পিতভাবে গাজীপুর সিটি কর্পোরেশনকে বিনির্মাণ করার শপথ নিয়েছিলাম এবং সে লক্ষ্যে কাজও করেছিলাম। আপনারা জানেন আমি মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে ডিপিপি-১৫১০, ডিপিপি-৬৬০, ডিপিপি-৩৭২০, ডিপিপি-৭৮২ (জমি অধিগ্রহণ) ইত্যাদি প্রকল্পের মাধ্যমে প্রায় ৭০০ কিলোমিটার রাস্তার কাজ বাস্তবায়ন করেছি এবং উল্লেখযোগ্য পরিমান ড্রেনের কাজও বাস্তবায়ন করেছি। এর পরের ইতিহাস আপনারা সকলেই জানেন। বর্তমান মাননীয় মেয়র মহোদয় নির্বাচিত হওয়ার পর আমাকে উপদেষ্টা নিয়োগের পর থেকে আমি অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছি। প্রস্তাবিত মাষ্টার প্ল্যানের আলোকে রাস্তা/ড্রেন এবং অন্যান্য কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য এবং এ লক্ষ্যে একটি ডিপিপি প্রায় ২৬০০ কোটি টাকার প্রাক্কলন প্রস্তুত করেছি যা এখন একনেকের অনুমোদনের অপেক্ষায় আছে।<br><br>ট্যাক্স এর লাইসেন্স ও অন্যান্য খাত থেকে নিজস্ব আয় বাড়ানোর জন্য উদ্যোগ গ্রহণ করেছি। বর্তমানে সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিলের পরিমান খুবই স্বল্প। যার প্রেক্ষিতে নিজস্ব আয় দ্বারা ইতিপূর্বে গৃহিত প্রকল্পগুলো আপাততঃ স্থগিত রাখা হয়েছে। প্রকৌশল বিভাগ থেকে গত ২ /৩ বৎসরের গৃহিত প্রকল্প/বাস্তবায়নাধীন প্রকল্প/ টেন্ডারকৃত প্রকল্পগুলির বিস্তারিত তথ্য/উপাত্ত জমা দেয়ার পর রাস্তার গুরুত্ব/প্রয়োজনীয়তা এবং অন্যান্য বিষয়ে বিবেচনা করে প্রকল্প ভিত্তিক পর্যায়ক্রমে সিদ্ধান্ত নেয়া যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে<br>১) নিজস্ব অর্থায়নে গৃহিত প্রকল্পগুলি যাচাই বাছাই করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২) অতি জরুরী জনগুরুত্বপূর্ণ বাস্তবায়নাধীন কাজগুলোর সময় বর্ধিত করে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৩) বাস্তবায়নাধীন কম গুরুত্বপূর্ণ কাজগুলি বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হলো এবং সংশ্লিষ্ট ঠিকাদারকে জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৪) উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পগুলি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৫) বাস্তবায়নাধীন যে সকল প্যাকেজ বাতিল করা হয়েছে সেগুলো সরেজমিন পরিদর্শন করে কৃত কাজের বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৬) পূর্বের টেন্ডারকৃত (যেগুলো এখনো NOA দেয়া হয়নি) প্রকল্পগুলো যাচাই/বাছাইপূর্বক বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৭) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালটি নগর ভবন সংলগ্ন বাগান এর উত্তর পশ্চিম কোনায় স্থানান্তরের সিদ্ধান্ত গৃহিত হয় এবং দাখিলকৃত ৩২,৯৭,৬২৮.৮৬ টাকা রিভাইজড প্রাক্কলন অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>৮) নতুন ভাবে প্রতিটি ওয়ার্ডে কাউন্সিলরগণের প্রায় ২ (দুই) কিলোমিটার রাস্তা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| তিনি সভাকে আরো জানান যে, ডিপিপি-৬৬০ যেহেতু জুন/২০২৪ এর মধ্যে শেষ হয়ে যাবে সেইহেতু উক্ত প্রকল্পগুলির প্যাকেজটি দ্রুত শেষ করার জন্য সময় বৃদ্ধি পারফরমেন্স সিকিউরিটি বৃদ্ধি ইত্যাদি কার্যক্রম করার জন্য অনুমোদন দেয়া যেতে পারে।<br><br>অন্যদিকে জাতির পিতা বঙ্গবন্ধু ম্যুরালে সাইট পরিবর্তন করে নগর ভবন সংলগ্ন বাগানের উত্তর পশ্চিমে স্থানান্তরের জন্যও অনুরোধ জানান।<br><br>অন্যদিকে নিজস্ব তহবিলের অর্থের অবস্থা বিবেচনা করে প্রত্যেক সম্মানিত কাউন্সিলরগণকে প্রায় ২(দুই) কিলোমিটার করে রাস্তার তালিকা জমা দেয়ার জন্য অনুরোধ জানান।<br>এ বিষয়ে সম্মানিত কাউন্সিলরগণ আলোচনায় অংশগ্রহণ করেন। | | |

## আলোচ্য সূচী ঃ -০৪- ডিপিপি বিষয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| মাননীয় মেয়র মহোদয় সভায় উপস্থিত প্রকল্প পরিচালকদের তাদের প্রকল্পের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্থকরণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ২০১৯ সালের ২৫ জুন একনেক সভায় অনুমোদন হয়।<br><br>প্রকল্পটি পরিকল্পনা বিভাগের একনেক শাখা-১ এর স্মারক নং ২০.০০.০০০০.৪০৪০(২).১৯-১৯২, তারিখঃ ০৫.০৮.২০১৯ এর মাধ্যমে জুলাই-০১/২০১৯-জুন-৩০/২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদন পাওয়া যায় এবং স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৯৪.০১০.০০.০০৯.২০১৮.৪০০, তারিখঃ ১৯.০৮.২০১৯ এর মাধ্যমে প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত মূল্য ছিল=৩৮২৮.০০ কোটি টাকা। মোট প্যাকেজের সংখ্যা ছিল ১৮ টি তার মধ্যে ১৭ টি ছিল ভূমি অধিগ্রহণ। প্রকল্পটিতে প্রায় ৮১ কিঃ মিঃ রাস্তা ৬০'-০০" প্রস্থ্যে বাস্তবায়নের জন্য নির্ধারিত আছে এবং প্রায় ৪০'-০০" প্রস্থ্যে জমি অধিগ্রহণের প্রস্তাব আছে সর্বমোট=২৩৯.৭৮ একর। প্রকল্পটিতে জমি অধিগ্রহণ ব্যয় প্রায়=১৭০০.০০ কোটি, ক্ষতিপূরণ=৫০০.০০ কোটি, ইউটিলিটি স্থানান্তর=৫০.০০ কোটি এবং রাস্তা এবং ড্রেন/ফুটপাত নির্মাণ ব্যয় প্রায়=১৫০০.০০ কোটি টাকা নির্ধারিত ছিল।<br><br>ইতিমধ্যেই সিটি কর্পোরেশনের পক্ষ থেকে ০৪ টি প্যাকেজের জমি অধিগ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন, নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি, রাজউকের অনাপত্তি এবং পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি সংগ্রহ করে ভূমি মন্ত্রণালয়ে দাখিল করা হয়। গত ২১.০৬.২০২০ তারিখে ৩১.০০.০০০০.০২৯.২০৮৯,২০৯০,২০৯১,২০৯২ স্মারকের মাধ্যমে ভূমি মন্ত্রণালয় থেকে ৬৫ একর জমি অধিগ্রহণের অনুমতি নেয়া হয়। জেলা প্রশাসকের কার্যালয় থেকে বর্তমানে ৭ ও ৮ ধারার কাজ চলমান আছে। অন্যদিকে বাকী ১২ টি প্যাকেজের সার্ভে কাজ শেষ করে এবং বিভিন্ন বিভাগ থেকে অনাপত্তি সংগ্রহ করে জেলা প্রশাসক অফিসে জমা দেয়া হয়েছে অনেক পূর্বেই।<br>গত ২৭.০২.২০২২ তারিখের কর্পোরেশনের সভার সিদ্ধান্তের আলোকে গত ১৬.০৩.২০২২ তারিখের ৪৬.১৯.০০০০.০১৮.১৪.০২১.১৮. ৪৭৪ স্মারক পত্রের মাধ্যমে প্রকল্পটির ১ম সংশোধনী অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। | ১) নিম্নে বর্ণিত ০৩ টি প্যাকেজের পূর্বের টেন্ডার বাতিল পূর্বক পূণঃ টেন্ডার আহ্বান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(১) Package No-GCC-Zone-2-RD-02 ক) ইছালী ব্রীজ থেকে পূবাইল কলেজ গেইট পর্যন্ত রাস্তা প্রশস্থ করণ ও বিসি/আরসিসি দ্বারা উন্নয়ন। খ) ইছালী ব্রীজ থেকে পূবাইল কলেজ গেইট পর্যন্ত রাস্তায় নর্দমা ও ফুটপাথ নির্মাণ।<br>প্রাক্কলিত অর্থ =৯২,৫১,৭৮,৪৯৫.০০<br>চুক্তি মূল্য=৮৮,৮১,৭১,৩৫৫.০১০<br>(২) Package No- GCC-Zone-4-2-RD-03 ক) জয়দেবপুর রানী বিলাসমনী স্কুল থেকে সদর হাসপাতাল, ভারারুল চৌরাস্তা হয়ে কালের বাজার পর্যন্ত রাস্তা প্রশস্থ করণ ও বিসি/আরসিসি দ্বারা উন্নয়ন। খ) জয়দেবপুর রানী বিলাসমনী স্কুল থেকে সদর হাসপাতাল, ভারারুল চৌরাস্তা হয়ে কালের বাজার পর্যন্ত রাস্তায় নর্দমা ও ফুটপাথ নির্মাণ।<br>প্রাক্কলিত অর্থ =৮০,৯৯,৯০,১৮৬.০০<br>চুক্তি মূল্য=৭৭,৬৭,৮০,৫৮৮.৩৭৪<br>(৩) Package No- GCC-Zone-2-RD-04 ক) কলের বাজার বাইপাস হতে মেঘডুবী, কোদাব হয়ে মাঝুখান টঙ্গী-কালীগঞ্জ রাস্তা পর্যন্ত বিসি/আরসিসি দ্বারা উন্নয়ন। খ) কলের বাজার বাইপাস হতে মেঘডুবী, কোদাব হয়ে মাঝুখান টঙ্গী-কালীগঞ্জ রাস্তায় নর্দমা ও ফুটপাথ নির্মাণ।<br>প্রাক্কলিত অর্থ =৪৭,২৬,৯২,০০০.০০<br>চুক্তি মূল্য=৪৫,৭৩,৩১,২৯২.৪১৫<br>২) বর্ণিত প্যাকেজ ০৩ টির জমি অধিগ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট কাউন্সিলর, প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রকল্প পরিচালক এবং উপ-প্রকল্প পরিচালক এবং মাননীয় উপদেষ্টা মহোদয়কে নিবিরভাবে জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ করে ৮ ধারা নোটিশ জারীর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| স্থানীয় সরকার বিভাগের গত ১৩.০৪.২০২২ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার অনুচ্ছেদ ৭.৩.১ এর আলোকে প্রকল্পটির ১ম সংশোধন প্রস্তাবের যথার্থতা যাচাইয়ের লক্ষ্যে ৪(চার) সদস্য একটি কমিটি গঠন করা হয়। প্রস্তাব যথার্থতা যাচাই কমিটি গঠনের তারিখ ২৮.০৮.২০২২। উক্ত কমিটি রিপোর্ট প্রদানের তারিখ ১৬.১০.২০২২। উক্ত কমিটির প্রতিবেদনের আলোকে গত ২০.১২.২০২২ তারিখ অনুষ্ঠিত ডিপিইসি এর সভায় প্রকল্পটির ১ম সংশোধন অনুমোদন দেয়া হয়। ১ম সংশোধন অনুমোদনের তারিখ ০৯.০২.২০২৩ সংশোধিত ডিপিপি এর ৩.৪, ৩.৫, ৩.৬ অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক গুরুত্বপূর্ণ ০৪ টি প্যাকেজের টেন্ডার আহ্বান করা হয় গত ১৯.০৩.২০২৩ তারিখে। ডিপিইসি সভার শর্তের ভিত্তিতে ০৪ টি প্যাকেজের Evaluation Report অনুমোদনের জন্য গত ১৮.০৬.২০২৩ তারিখে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। স্থানীয় সরকার বিভাগ থেকে গত ১৩.০৮.২০২৩ তারিখে ০৪ টি প্যাকেজের NOA দেয়ার লক্ষ্যে ৪৬.১৯.০০০০.০৭১.০৭.০০৫. ১৯.(অংশ-৫)-৪৯৭, ৪৯৮, ৪৯৯, ৫০০ স্মারকের মাধ্যমে অনুমোদন দেয়া হয়। স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের ভিত্তিতে নির্ধারিত ঠিকাদারের সাথে চুক্তি করা হয় গত ০৫.০৯.২০২৩ তারিখে।<br><br>দীর্ঘদিন পূর্বেই ঠিকাদার সাইট চেয়ে আবেদন করেছেন যাহা বর্তমানে মাননীয় মেয়র মহোদয়ের অনুমোদনের অপেক্ষায় আছে।<br><br>সভায় মাননীয় উপদেষ্টা মহোদয় জানান যে, প্রকল্পটি আমি মেয়র থাকা অবস্থায় একটি বিশেষ প্রকল্প হিসেবে একনেক সভায় অনুমোদন হয় যা প্রকল্পের নামেই বুঝা যায়। অর্থাৎ বিভিন্ন জোনের প্রধান সংযোগ সড়ক প্রশস্তকরণ। সেই হিসেবে আমরা আগের পরিষদ ০৯ টি প্রধান রাস্তা প্রশস্থসহ উন্নয়ন করার পরিকল্পনা নিয়েছিলাম। কিন্তু ১ম সংশোধনে সেই স্কোপ এবং সেই রাস্তাগুলোর দৈর্ঘ্য এবং প্রস্থ্য কমিয়ে নতুন রাস্তা সংযুক্ত করা হয়েছে অর্থাৎ ১৮ টি প্যাকেজকে বর্তমানে ৩৯ টি প্যাকেজ করা হয়েছে যাহা মোটেও গ্রহণযোগ্য নয়। প্রকল্পটি মূল ধারণার অন্তরায় এবং যে ০৪ টি প্যাকেজের চুক্তি করা হয়েছে সে ০৪ টি প্যাকেজও বর্তমান প্রশস্ততায় বাস্তবায়নের জন্য অনুমোদন দেয়া হয়েছে।<br><br>উপস্থিত কাউন্সিলর জনাব আসাদুজ্জামান তুলা এবং কাউন্সিলর জনাব মোঃ কাউসার আহম্মেদ সভায় জানান যে, রাস্তাটি অর্থাৎ নরসিংহপুর থেকে কাশিমপুর হয়ে কোনাবাড়ী পর্যন্ত রাস্তাটির নির্মাণ কাজ আরম্ভ না হওয়ার কারণে এলাকার জনগণ খুবই কষ্টে উক্ত রাস্তা দিয়ে চলাচল করছে। রাস্তাটির ঠিকাদার নির্ধারিত হওয়ার পরও কেন কাজ আরম্ভ হচ্ছে না এ বিষয়ে কাউন্সিলরগণ জানতে চান।<br><br>উপদেষ্টা মহোদয় সভায় জানান যে, রাস্তাটি মূল ডিপিপিতে ৬০'-০০" আছে। সুতরাং ৬০'-০০" এর কম করা যাবে না। আপনারা সহযোগীতা করলে ৩ মাসের মধ্যেই আমরা জমি অধিগ্রহণ করে রাস্তাটি ৬০'-০০" প্রস্থ্যে বাস্তবায়নের জন্য টেন্ডার আহ্বান করবো ইনশাআল্লাহ। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপদেষ্টা মহোদয় জানান যে, যেহেতু স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের ভিত্তিতে ০৪ টি প্যাকেজের চুক্তি করা হয়েছে সেহেতু স্থানীয় সরকার বিভাগের নিকট চুক্তি ০৪ টি বাতিলের জন্য পত্র দেয়া যায় এবং একই সাথে ৬০'-০০" প্রস্থ্যে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | ৩) নরসিংহপুর থেকে কাশিমপুর হয়ে কোনাবাড়ী রাস্তাটির জমি অধিগ্রহনের বিষয়ে সংশ্লিষ্ট কাউন্সিলরসহ মাননীয় উপদেষ্টা মহোদয়, প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক প্রত্যেককে জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য অনুরোধ করে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪) নিম্নে বর্ণিত প্যাকেজ ০৪ টির চুক্তি বাতিল করার জন্য অনুমোদন চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১) Package No- GCC-Zone-4-2-RD-01<br>কাজের নাম ঃ "গাজীপুর মহিলা কলেজ থেকে দক্ষিণ ছায়াবিথী, বাঙ্গালগাছ, নীলেরপাড়া হয়ে ইছালী ব্রীজ পর্যন্ত" রাস্তা প্রশস্থকরণ ও বিসি/ আরসিসি রাস্তা উন্নয়নকরণ।<br>প্রাক্কলিত অর্থ = ২৭,৪৮,৯২,৫০২.৭৮<br>চুক্তি মূল্য=২৫,৬৮,৬৫,৪০৪.৭৫৫<br>২) Package No- GCC-Zone-8-RD-08<br>কাজের নাম ঃ নরসিংহপুর থেকে দেওয়ানবাড়ী ব্রীজ পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ ও বিসি/ আরসিসি রাস্তা উন্নয়নকরণ।<br>প্রাক্কলিত অর্থ ১৬,৮৭,৫১,২৭৫.০০<br>চুক্তি মূল্য = ১৫,৬৬,০১,১৮৩.২০০<br>৩) Package No- GCC-Zone-8-RD-09<br>কাজের নাম ঃ দেওয়ানবাড়ি ব্রীজ হতে জরুন লক্কু মার্কেট পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ ও বিসি আরসিসি রাস্তা উন্নয়নকরণ।<br>প্রাক্কলিত অর্থ=৩৯,৮৮,৬৮,০৯৪.০০<br>চুক্তিমূল্য = ৩৭,১২,১২,৮২২.২১২<br>৪) Package No- GCC-Zone-7-RD-10<br>কাজের নাম ঃ জরুন লক্কু মার্কেট থেকে কোনাবাড়ী বাস ষ্ট্যান্ড পর্যন্ত রাস্তা প্রশস্থকরণ আরসিসি রাস্তা উন্নয়নকরণ।<br>প্রাক্কলিত অর্থ= ১৫,৩৫,৭৬,৮৪৯.০০<br>চুক্তি মূল্য=১৪,২০,৫৮,৫৮৫.৩২৫<br><br>৫) ০৪ টি প্যাকেজের ৬০'-০০" প্রস্থ্যে প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করার নিমিত্তে প্রকৌশল বিভাগকে অনুরোধ জানাইয়া সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৬) বাকী প্যাকেজগুলোর জমি অধিগ্রহণের বিষয়ে জেলা প্রশাসক মহোদয়কে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রকৌশল বিভাগ<br>গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ০২. গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ জোনের রাস্তা, ড্রেন ও ফুটপাত নির্মাণ প্রকল্প (ডিপিপি-১৫১০) বর্ণিত প্রকল্পের অন্তরবর্তীকালীন প্রকল্প পরিচালক জনাব হারুনুর রশীদ সভায় জানান যে, প্রকল্পটির মেয়াদ স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে আগামী ৩০/০৬/২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পটিতে সংশোধীত ডিপিপিতে মোট ৭৭টি প্যাকেজ আছে। ইতিমধ্যে মোট ৩৭টি প্যাকেজের কাজ সম্পন্ন হয়েছে ৩৫টি প্যাকেজের সাইড সংক্রান্ত জটিলতার কারণে অসম্পন্ন আছে ০৫টি প্যাকেজ নতুন ভাবে টেন্ডার আহবান করার জন্য নথি প্রস্তুত করে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে মাননীয় উপদেষ্টা মহোদয় সভায় জানান যে, প্রকল্পটি আমি মেয়র থাকা অবস্থায় আরম্ভ হয়েছে এবং আমি প্রায় ৭০% কাজ বাস্তবায়ন করে গেছি। অবশিষ্ট ৩০% কাজ দীর্ঘ দিন যাবৎ বাস্তবায়ন হয়নি এটি খুবই দুঃখজনক । যে সকল এলাকার কাজ সাইড সংক্রান্ত জটিলতার কারণে এখনো শেষ হয়নি সেই সকল এলাকায় সংশ্লিষ্ট কাউন্সিলরদের জটিলতা নিরসন করে প্যাকেজটির কাজ দ্রুততার সাথে শেষ করার জন্য সকল কাউন্সিলদের অনুরোধ জানান।<br>অন্য দিকে সংশোধিত নতুন প্যাকেজ গুলো যাচাই বাছাই করে মাননীয় মেয়র মহোদয়ের অনুমোদন নিয়ে টেন্ডার আহবানের জন্য প্রকৌশল বিভাগকে অনুরাধ জানান। | বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে (১) সাইড সংক্রান্ত জটিলতার কারণে অসম্পন্ন প্যাকেজ গুলো সংশ্লিষ্ট কাউন্সিলরদের সহযোগীতায় জটিলতা নিরসন করে প্যাকেজগুলোর কাজ সম্পন্ন করার জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) ঠিকাদারদের গাফিলতির কারণে যে প্যাকেজ গুলোর কাজ এখনো সম্পন্ন হয়নি সে প্যাকেজ গুলির কাজ বাতিল করে নতুন ভাবে টেন্ডার আহবান করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৩) সংশোধিত নতুন প্যাকেজ গুলো যাচাই বাছাই করে মাননীয় মেয়র মহোদয়ের অনুমোদন নিয়া টেন্ডার আহবান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| (৩) গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন) (ডিপিপি-৬৬০) বর্ণিত প্রকল্পের ভারপ্রাপ্ত প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি সংশোধিত ডিপিপিতে মোট ৬০টি প্যাকেজ আছে । ইতিমধ্যে ৪২ টি প্যাকেজের কাজ সম্পন্ন হয়েছে এবং ১৮টি প্যাকেজের কাজ সাইট সংক্রান্ত জটিলতা এবং ঠিকাদারের গাফিলতির কারণে এখনো সম্পন্ন করা যায়নি। এ বিষয়ে মাননীয় উপদেষ্টা মহোদয় সভায় জানান যে, প্রকল্পটি ৩ বার মেয়াদ বৃদ্ধি করা হয়। সর্বশেষ সমাপ্ত এর তারিখ আগামী জুন/২৪ এর ৩০ তারিখ পর্যন্ত । প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের সমাপ্ত প্রকল্পের তালিকায় আছে। আর সময় বৃদ্ধি করা হবে না। সুতরাং প্রকল্প সংশ্লিষ্ট সম্মানীত কাউন্সিলর এবং প্রকৌশলীদের জুন/২০২৪ এর মধ্যেই প্যাকেজ গুলোর কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অসম্পন্ন প্রকল্পগুলি জুন/২০২৪ এর মধ্যেই শেষ করার জন্য প্যাকেজ সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলর এবং প্রকৌশলীদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| | | |
|---|---|---|
| ৪. গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বাস, ট্রাক টার্মিনালের জন্য জমি অধিগ্রহণ শীর্ষক প্রকল্প<br>প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি গত ০৮.০৮.২০২১খ্রি. তারিখে ২০.০০. ০০০০.৪১১.১৪.০৬৯.২১-১৮০নং স্মারক এবং ১৮.০৮.২০২১খ্রি. তারিখের ৪৬.০৯৪.০১০.০০.০১১.২০২১-৩৮৬নং স্মারকের মাধ্যমে ০১.০৭.২০২১-৩০.০৬.২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদ হয়।<br>পরবতীতে সর্বশেষ জুন ৩০/২০২৫ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয় । প্রকল্পটিতে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ৩৩ একর অর্থ্যাৎ ১০০ বিঘা এর ৮টি জোনে বাস/ ট্রাক টার্মিনালের নির্মাণের জন্য ৩৩ একর অর্থ্যাৎ ১০০ বিঘা জমি অধিগ্রহণের জন্য নির্ধারিত আছে। ইতিমধ্যে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য জমিটির সাইট পরিবর্তনের জন্য সিদ্ধান্ত হয়েছে। এবং সেই আলোকে পরিবর্তিত এলাকায় প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>অন্যদিকে ৮টি জোনে বাস/ট্রাক টার্মিনাল নির্মাণের জন্য নির্ধারিত জমি অধিগ্রহণের নিমিত্তে ৬টি এলাকার প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। বাকী দুইটি এলাকার এখনো প্রশাসনিক অনুমোদন পাওয়া যায় নাই।<br>এ বিষয়ে মাননীয় উপদেষ্টা মহোদয় সভায় জানান যে, বাস /ট্রাক টার্মিনাল নির্মাণের জন্য নির্ধারিত জমিগুলো পুনরায় যাচাই/বাছাই করে দেখা দরকার। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে (১) বর্জ্য ব্যবস্থাপনার জন্য পরিবর্তিত জমির প্রস্তাবটির প্রশাসনিক অনুমোদনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সাথে যোগাযোগ করে পরিদর্শন টিম আনার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২) বাস /ট্রাক টার্মিনাল জমি গুলো যাচাই/বাছাই করে প্রশাসনিক অনুমোদন আনার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ৫.প্রিপারেশন অব আরবান ডেভেলপমেন্ট প্ল্যান ফর গাজীপুর সিটি কর্পোরেশন এরিয়া শীর্ষক টিএপিপি এর প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের ৩০ জুন ২০২৪ এর মধ্যেই সমাপ্ত করার জন্য সমাপ্ত প্রকল্পের তালিকায় আছে। ইতিমধ্যেই প্রকল্পের প্রায় ৭৫% কাজ শেষ হয়েছে এবং Inception Report, Study Area Report, Survey Reports (15 type), Interion Report এবং বিভিন্ন ধরণের Map তৈরি ইত্যাদির কাজ সম্পন্ন হয়েছে। সভায় আরো জানান হয় যে, ১৬.১১.২০২৩খ্রি. তারিখের গাজীপুর সিটি কর্পোরেশনের তৃতীয় পরিষদের ২য় মাসিক সভার সিদ্ধান্তের বিবিধ-২৫ এ ভুলক্রমে Individual Consultant দের নিয়োগ এর Extension এর বিষয়টি ১২ মাসের ক্ষেত্রে ৫ মাস উল্লেখ আছে। প্রকৃত পক্ষে ১২ মাস হবে কারণ প্রকল্পের মেয়াদ ১২ মাস বৃদ্ধি পেয়েছে এবং তারা তাদের কাজ অব্যাহত রেখেছেন।<br><br>এ বিষয়ে মাননীয় উপদেষ্টা মহোদয় আলোচনায় অংশ নেন। উপদেষ্টা মহোদয় সভাকে জানান যে, একটি পরিকল্পিত শহর গড়ার জন্য একটি Comprehensive Master Plan প্রয়োজন। আমরা আশা করি সুন্দর একটি Master Plan গাজীপুর বাসীকে উপহার দিতে পারবো এবং সেই লক্ষ্যেই আমরা কাজ করে যাচ্ছি। আপনাদের সকলের সহযোগিতা কামনা করি। আমরা আশা করছি আগামী রমজানের পরেই একটি High level Consultation Workshop করবো এবং তার পরেই আমরা Master Plan গণশুনানির জন্য জনগনের নিকট উম্মুক্ত করে দিব। তিনি সভাকে আরো জানান যে, Master Plan টি সঠিকভাবে বুঝে নেয়ার জন্য পূর্বে নিয়োগকৃত ০২(দুই) জন Individual Consultant দেরকে জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪ পর্যন্ত ১২ মাসের জন্য নিয়োগ দেয়া যায়। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে (ক) আগামী রমজানের পর একটি High level Consultation Workshop করার সিদ্ধান্ত গৃহিত হলো।<br><br>খ) গত ১৬.১১.২০২৩খ্রি. তারিখে সভার বিবিধ-২৫ এর সংশোধন পূর্বক পূর্বে নিয়োগকৃত ০২(দুই) জন Individual Consultantদের সাথে ০১ জুলাই/২০২৩ থেকে ৩০ জুন/২০২৪ পর্যন্ত মেয়াদের জন্য চুক্তি Extention / Revised চুক্তির সিদ্ধান্ত গৃহিত হলো। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

| | | |
|---|---|---|
| ৬. মাননীয় উপদেষ্টা মহোদয় সভায় জানান যে, JICA এর অর্থায়নে গাজীপুর সিটি কর্পোরেশনে UDCGP নামক একটি প্রকল্প চলমান আছে। প্রকল্পটি জয়দেবপুর রেল জংশন এর উপরে একটি Fly Over এর নাওজোড় থেকে কাশিমপুর হয়ে চান্দরা-নবীনগর রাস্তার তুরাগ নদীর উপর ০২(দুই)টি ব্রীজ নির্মাণের প্যাকেজ আছে। অন্য দিকে Solid waste Management এর জন্য একটি প্যাকেজ আছে। উপস্থিত কাউন্সিলরগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং সকলেই প্রকল্পের কাজটির অগ্রগতি আরো বাড়ানোর জন্য পরামর্শ দেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে (১) Fly Over এর কাজটি যাতে জুলাই ২০২৪ এর মধ্যেই আরম্ভ করা যায় তার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২) নাওজোড় থেকে কাশিমপুর পর্যন্ত রাস্তায় তুরাগ নদীর উপর ব্রীজ ০২টি ডিপিপি তে নির্ধারিত আছে। এখানে আরো একটি ব্রীজ সংযোজন করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩) প্রকল্পের কাজের অগ্রগতি বৃদ্ধি করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানানো সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| ৭. CRDP প্রকল্পের বিষয়ে মাননীয় উপদেষ্টা মহোদয় সভাকে জানান যে, W-03 প্যাকেজ নামে একটি প্যাকেজ টেন্ডার CRDP-II থেকে দেয়া হয়েছিল এবং তমা Construction উক্ত প্যাকেজের কাজটি বাস্তবায়নের জন্য গাজীপুর সিটি কর্পোরেশনের সাথে চুক্তি করে দীর্ঘ প্রায় ৩৯৩ দিন সময় অতিবাহিত হওয়ার পরও প্যাকেজের অগ্রগতি প্রায় ৯%। এদিকে প্রকল্পের মেয়াদ জুন/২০২৪ এ শেষ হয়ে যাবে।<br>এ বিষয়ে উপস্থিত সম্মানিত কাউন্সিলরগণ আলোচনায় অংশ গ্রহণ করেন এবং কাউন্সিলরগণ মাননীয় উপদেষ্টা মহোদয়কে নির্ধারিত সময়ে যাতে কাজটি শেষ করা যায় এ বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে (১) প্রকল্পটির প্রকল্প পরিচালক এলজিইডি থেকে নিয়োগকৃত সুতরাং গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী মহোদয় প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করে যাতে নির্ধারিত সময়ে কাজটি শেষ করা যায়, সে বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য অনুরোধ জানাইয়া সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

আলোচ্যসূচী ৫ ঃ রাজস্ব বিষয়ক আলোচনা

| | | |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের মাননীয় উপদেষ্টা মহোদয় বলেন যে, গাজীপুর সিটি কর্পোরেশন একটি নবগঠিত সিটি কর্পোরেশন। ২টি পৌরসভা ও ৬টি ইউনিয়ন পরিষদ নিয়ে এই সিটি কর্পোরেশন গঠিত হয়েছে। ইউনিয়ন পরিষদ সমূহে এখনো পর্যন্ত কাঙ্খিত নাগরিক সুবিধা প্রদান করা সম্ভব হচ্ছে না। এছাড়া অনেক নাগরিক এখনো জানে না যে, তারা সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়েছে। এজন্য প্রতিটি ওয়ার্ডে বিভিন্ন টিম গঠন করে একটি ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে সমস্ত হোল্ডিং সিটি কর্পোরেশনের আওতায় নিয়ে আসতে হবে। অপরদিকে অস্বচ্ছল নাগরিকগণ যারা টিনশেড/কাঁচা ঘর নির্মাণ করে বসবাস করেন তাদের পক্ষে হোল্ডিং কর প্রদান করা অত্যন্ত কষ্টসাধ্য বিষয়। এ সকল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ-<br>ক) প্রতিটি ওয়ার্ডে কর নির্ধারণ, আদায় ও লাইসেন্স শাখার ০৩জন ও সংশ্লিষ্ট ওয়ার্ডের ০১জন করে মোট ০৪ জনের সমন্বয়ে ০১জন করে মোট ০৪ জনের সমন্বয়ে ১টি করে দল গঠন করে প্রতিটি রাস্তাকে বেইজ ধরে হোল্ডিংসমূহ চিহ্নিত করে পরিমাপ গ্রহণ পূর্বক প্রতিটি হোল্ডিং এর জন্য একটি করে নথি তৈরি করতে হবে।<br><br>খ) যে সমস্ত অস্বচ্ছল আবাসিক হোল্ডিং মালিক এর টিনশেড/কাঁচা আবাসিক ভবন রয়েছে এবং সেটিতে তারা নিজে বসবাস করেন, কোন ভাড়া প্রদান করেন না এরূপ হোল্ডিং সমূহের হোল্ডিং কর সুনির্দিষ্ট করে আদায় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত হোল্ডিং কর নথি উপস্থাপনের মাধ্যমে অনুমোদনক্রমে প্রতিটি বাড়ির জন্য ১০০(একশত) টাকা নির্ধারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>গ) হোল্ডিং কর আদায়ের ক্ষেত্রে আইন ও বিধিমালা অনুসারে রিবেট ও সারচার্জ প্রয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | রাজস্ব বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী -৬ ঃ স্বাস্থ্য বিষয়ক আলোচনা

গাজীপুর সিটি কর্পোরেশনের জোন-০১ ও ০৪ এর বিভিন্ন ওয়ার্ডে ০-২ বছরের শিশুদের ১০টি রোগের এবং ১৫-৪৯ বছর বয়সী মহিলাদের ০২টি রোগের ইপিআই টিকা বিনামূল্যে প্রদান করা হয়। নিম্নে জোন-০১ ও ০৪ এর ফেব্রুয়ারি-২০২৪খ্রি. মাসের টিকাদানের কাভারেজ প্রদান করা হলো।

| জোন নং | মাসিক লক্ষ্যমাত্রা | বিভিন্ন এন্টিজেনের হিসাব | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | বিসিজি | পেন্টা ১ম | পেন্টা ২য় | পেন্টা ৩য় | এমআর ১ম | এম আর ২য় |
| ১ | ১৬৭২ | ১৬৩০ | ১৭৪৭ | ১৪৪০ | ১২০৯ | ১৪৬০ | ১৪৪১ |
| ৪ | ১০২৮ | ৯০৮ | ৯৪১ | ৬৯০ | ৫১৫ | ৮৯০ | ২৪১৭ |
| মোট= | ২৭০০ | ২৫৩৮ | ২৬৮৮ | ২১৩০ | ১৭২৪ | ২৩৫০ | ২৪১৭ |
| | | ৯৪% | ৯৯.৫৫% | ৭৮.৮৮% | ৬৩.৮৫% | ৮৭.০৩% | ৮৯.৫১% |

| জোন নং | মাসিক লক্ষ্যমাত্রা | টিডি টিকার অর্জন | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম |
| ১ | ৬৭৩৭ | ১৪৬৭ | ১২৯৬ | ১৩৫৭ | ১২১৯ | ১১৮৪ |
| ৪ | ৪৩৮৬ | ৪৪৫ | ৪৮৯ | ৬৪৮ | ৬২৮ | ৭৬০ |
| মোট= | ১১১২৩ | ১৯১২ | ১৭৮৫ | ২০০৫ | ১৮৪৭ | ১৯৪৪ |
| | ৮৫.৩৪% | | | | | |

আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট ২য় পর্যায়ের মাধ্যমে গাজীপুর সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ৩টি পার্টনার এনজিও কর্তৃক পরিচালিত ৩টি নগর মাতৃসদন ও ৭টি নগর স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান অব্যাহত রয়েছে। গত ফেব্রুয়ারি-২০২৪ মাসের মোট ১০০৫২ জনকে এই ১০টি হাসপাতালের মাধ্যমে সেবা প্রদান করা হয়, ১৭২ জন মহিলার ডেলিভারী সেবা প্রদানের পাশাপাশি ১৫৬১ জনকে সম্পূর্ণ বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।

| ক্রমিক নং | পার্টনার এনজিওর নাম | মোট রোগী | সিজারিয়ান সেকশন | স্বাভাবিক প্রসব | বিনা মূল্যে সেবা |
|---|---|---|---|---|---|
| ০১. | এফপিএবি, পিএ-০১ | ৩৩৮০ জন | ৫৪ জন | ১৮ জন | ৫৫২ জন |
| ০২. | ইউটিপিএস, পিএ-০২ | ২৯৫৪ জন | ৩১ জন | ২১ জন | ৬৪৪ জন |
| ০৩. | পিএসকেপি এন্ড পিপিএস পিএ-০৩ | ৩৭১৮ জন | ২৮ জন | ২০ জন | ৩৬৫ জন |
| | মোট | ১০০৫২ জন | ১১৩ | ৫৯ জন | ১৫৬১ জন |

Scanned with CamScanner

আলোচ্যসূচী -৭ ঃ বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান বর্জ্য ব্যবস্থা কর্মকর্তা জনাব মোঃ সোহেল রানা সভায় জানান যে,<br>ক) গাজীপুর সিটি কর্পোরেশনের আওতাধীন আনুমানিক ৬৭০.৫৩ কিলোমিটার ড্রেন রয়েছে প্রায়। অত্র সিটি কর্পোরেশনে নিয়োজিত পরিচ্ছন্নতা কর্মীর স্বল্পতার কারণে ওয়ার্ড ভিত্তিক ড্রেন পরিষ্কার করা সম্ভব হয় না। অধিকাংশ ড্রেনগুলি দীর্ঘদিন যাবৎ পরিষ্কার না করার ফলে ময়লায় ভরে গেছে। ফলে বর্ষা মৌসুমে বৃষ্টির কারণে নগরে জলাবদ্ধতা সৃষ্টি হয়।<br>খ) এসটিএস ও ডাম্পিং ষ্টেশনের জায়গার ব্যবস্থাকরণ<br>গ) জনবলের সংখ্যা বৃদ্ধি করণ<br>ঘ) যানবাহনের সংখ্যা বৃদ্ধি করণ<br>ঙ) আসন্ন ঈদুল ফিতর ২০২৪ উদযাপন ও রমজান মাসের পবিত্রতা রক্ষার স্বার্থে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখা ওয়ার্ড ভিত্তিকি ব্লিচিং পাউডার ছিটানোর ব্যবস্থা গ্রহণ | ক) গাজীপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড ভিত্তিক ড্রেন পরিস্কার করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। খ) এসটিএস ডাম্পিং ষ্টেশনের জায়গার ব্যবস্থা করণ<br>গ) জনবলের সংখ্যা বৃদ্ধি করণ<br>ঘ) যানবাহনের সংখ্যা বৃদ্ধি করণ<br>ঙ) আসন্ন ঈদুল ফিতর ২০২৪ উদযাপন ও রমজান মাসের পবিত্রতা রক্ষার স্বার্থে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখা এবং ওয়ার্ড ভিত্তিকি ব্লিচিং পাউডার ছিটানোর ব্যবস্থা গ্রহণ করারও সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী -৮ ঃ সম্পত্তি বিষয়ে আলোচনা

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান সম্পত্তি কর্মকর্তা জনাব নমিতা দে সভাকে জানান যে,<br>ক) অঞ্চল-০৭ কোনাবাড়ীতে গাজীপুর সিটি কর্পোরেশনের নিজস্ব সম্পত্তি রয়েছে। উক্ত সম্পত্তির উপর অবৈধ ট্রাক স্ট্যান্ড গড়ে উঠেছে। বর্তমানে উক্ত ট্রাক স্ট্যান্ডটি ইজারার আওতায় এনে রাজস্ব বৃদ্ধির স্বার্থে ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদান করার জন্য সুপারিশ করেন।<br><br>খ) সাইনবোর্ড বাজারটি গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক ৩/৪ বৎসর পূর্বে ইজারা প্রদান করা হতো। কিন্তু ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের উন্নয়ন কাজ ও বিআরটি প্রকল্পের কারণে সাইনবোর্ড বাজারটি ইজারা প্রদান করা সম্ভব হয়নি। বর্তমানে উক্ত বাজারটি ইজারার আওতায় এনে রাজস্ব বৃদ্ধির স্বার্থে ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদান করার জন্য সুপারিশ করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) গাজীপুর সিটি কর্পোরেশনের অঞ্চল-৭ কোনাবাড়ীর ট্রাক স্ট্যান্ডটি ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদানের বিষয়ে সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>খ) সাইনবোর্ড বাজারটি ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান সম্পত্তি কর্মকর্তা |

আলোচ্যসূচী -৯ঃ আসন্ন রমজানের পবিত্রতা সম্পর্কে করণীয় বিষয়ে আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের সচিব জনাব মোঃ আব্দুল হান্নান আসন্ন রমজানের পবিত্রতা সম্পর্কে সভাকে জানান যে, পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য আশু ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতি সপ্তাহে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। ফুটপাতে যাতে কোন দোকান পাট বসতে না পারে, সে ব্যবস্থা করতে হবে। গাজীপুর সিটি কর্পোরেশন এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে বর্ণিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতক্রমে গৃহিত হয়। | প্রশাসন বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

আলোচ্যসূচী-১০ঃ অটো/ অটোরিক্সা/ ইজিবাইক বিষয়ে আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশনের মাননীয় উপদেষ্টা মহোদয় সভাকে জানান যে, সিটি কর্পোরেশনের ৫৭টি ওয়ার্ডের কাউন্সিলরগণের মাধ্যমে অটো/ অটোরিক্সা/ ইজিবাইকের লাইসেন্স ও নাম্বার দিতে হবে। রাস্তার মধ্যে কোন ভাবেই ফুটপাথ বসানো যাবে না। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সিটি কর্পোরেশনের অটো/ অটোরিক্সা/ ইজিবাইকের লাইসেন্স ও নাম্বার দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশিষ্ট কাউন্সিলরগণ |

আলোচ্যসূচী-১১ঃ বিবিধ

| | | |
|---|---|---|
| **বিবিধ-১ঃ** গাজীপুর সিটি কর্পোরেশনের ৪৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ হেলাল উদ্দিন তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, ডিপিপির বাকী কাজগুলো দ্রুত সম্পন্ন করার অনুরোধ করেন। এছাড়া রাজস্ব আদায় না হলে উন্নয়ন কাজ করা সম্ভব হবে না। রাজস্ব আদায়ের একমাত্র মাধ্যম হচ্ছে ট্যাক্স আদায় করা। তাই তিনি ট্যাক্স আদায় বৃদ্ধির অনুরোধ করেন। তিনি আরো জানান যে, আসন্ন রমজান উপলক্ষে রাস্তা ঘাটে বৈদ্যুতিক বাতি, বিশুদ্ধ পানির ব্যবস্থা এবং বাজার মনিটরিং করারও অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ডিপিপির কাজ দ্রুত সম্পন্ন করা এবং আসন্ন রমজান উপলক্ষে রাস্তা ঘাটে বৈদ্যুতিক বাতি, বিশুদ্ধ পানির ব্যবস্থা এবং বাজার মনিটরিং করারও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| **বিবিধ ২ঃ** গাজীপুর সিটি কর্পোরেশনের ৪০ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব কে এম নজরুল ইসলাম ভিকি তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, আসন্ন রমজান উপলক্ষে টিসিবির কার্ড বৃদ্ধি করলে গরীব মানুষ উপকৃত হবে। তিনি গরীবদের মধ্যে কম্বল বিতরণের জন্য মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি তার ওয়ার্ডে একটি কবরস্থান নির্মাণের জন্য অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | টিসিবির কার্ড বাড়ানোর বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন |
| **বিবিধ ৩ঃ** গাজীপুর সিটি কর্পোরেশনের ২৭ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব জাবেদ আলী তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, রাজস্ব টেন্ডার বন্ধ হওয়ার কি কারণ ? বিগত সময়ে ভারপ্রাপ্ত মেয়র কত টাকা রেখে গেছেন। বর্তমান মেয়র কত টাকা আয় করেছেন এবং কত টাকা ব্যয় হয়েছে তা জানানোর অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আয় ব্যয়ের হিসাব বাজেট বহি থেকে দেখে নেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | হিসাব বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| **বিবিধ ৪ঃ** গাজীপুর সিটি কর্পোরেশনের ১৩ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব খোরশেদ আলম তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে জানান যে, রাজস্ব আদায়ের মাধ্যমে যে সকল রাস্তার কাজ গুলো বন্ধ ছিল সে সকল কাজ গুলো শেষ করা জরুরী এবং সিটি কর্পোরেশনের রাস্তার মাঝখানে বৈদ্যুতিক খুটির কারণে জনগণ রাস্তার সুফল পাচ্ছে না। তিনি আরো বলেন মেয়ররের প্যানেল নির্বাচনের জন্য তিনি প্রার্থী ছিলেন। সভায় মেয়ররের প্যানেল নির্বাচন হলে ভাল হতো। যেহেতু মন্ত্রণালয় বানিয়ে দিয়েছে, তাই হাইকোর্টের উপর আস্থা রাখা আমাদের সকলের উচিত। | বন্ধ রাস্তার কাজগুলো দ্রুত শেষ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ ও বিদ্যুৎ শাখা গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| বিবিধ ৫ ঃ গাজীপুর সিটি কর্পোরেশন ৬ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আসাদুজ্জামান তুলা তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি পরিষদের মাধ্যমে সংসদ সদস্যদের অভিনন্দন প্রস্তাব আনার জন্য ধন্যবাদ জানান। তিনি শেখ হাসিনা সরকার আবার ক্ষমতা আসায় আল্লাহর প্রতি কৃতজ্ঞতা জানান। কোনাবাড়ী-কাশিমপুর বিচ্ছিন্ন রাস্তা খারাপ সংসদ নির্বাচনে এই রাস্তা নিয়ে অনেক সমস্যা হয়েছে। এই সকল রাস্তা টেন্ডার হবে কিনা তিনি জানতে চান। ছোট ছোট রাস্তার কাজ বন্ধ হয়ে আছে। সাবেক মেয়র অধ্যাপক এম,এ, মান্নান-এর দুর্ঘটনা ঘটেছে, সাবেক মেয়র জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম-এর দুর্ঘটনা ঘটেছে। তিনি চান আর যেন দুর্ঘটনা না ঘটে। মেয়রের প্যানেল নির্বাচন মাননীয় হাইকোর্ট পর্যন্ত গড়াইছে, এটার কোন প্রয়োজন ছিল না বলে তিনি জানান। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বন্ধ রাস্তার কাজগুলো দ্রুত গতিতে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধ ৬ ঃ ক) মাননীয় উপদেষ্টা মহোদয় সভাকে জানান যে, ২০১৯ সালে আমবাগ থেকে আওলিয়া পর্যন্ত ২০ ফুট রাস্তা হয়েছে ৬০ ফুট করার জন্য অধিগ্রহণের ব্যবস্থা করবে। পার্ট পার্ট ভাবে করবে। ৪ পার্টে বা ৬ পার্টে করবে। মাননীয় প্রধানমন্ত্রী বলবেন, ৬০ ফিট রাস্তা দিলাম ২০ ফুট হলো কেন?<br><br>খ) অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব মোঃ আকবর হোসেন সভায় বলেন যে, ৯টি রাস্তা দিয়ে এই প্রজেক্ট হয়েছে। কিছু অধিগ্রহণ আছে। ২০১৯ সালে ২৫ জুন মাননীয় প্রধানমন্ত্রী একনেক সভায় অনুমোদন দিয়েছেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় থেকে প্রশাসনিক অনুমোদন, নগর উন্নয়ন থেকে অনুমোদন দিয়েছেন। কাশিমপুর-কোনাবাড়ী, গাজীপুর মহিলা কলেজ থেকে ইছালী পর্যন্ত, আওলিয়া-কোনাবাড়ী ১৯ কিলোমিটার। আরো কিছু রাস্তা রিভাইজড করার জন্য মন্ত্রণালয়ের পাঠানো হয়েছে। ৩২৯ একর জমি অধিগ্রহণ করা আছে। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | রাস্তা ৪ পার্টে বা ৬ পার্টে করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধ ৭ঃ সংরক্ষিত ১১ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব সালেমা খাতুন সভাকে জানান যে, সিটি কর্পোরেশনে আয়ের উৎস লুকাইয়া আছে। গাজীপুর সিটি কর্পোরেশনের জরিপ শাখার লোক নিয়োগ আছে। ৫৭ টি ওয়ার্ডের লোকজন সঠিক মাপ পায় না জনগণ ক্ষতিগ্রস্থ হচ্ছে। তিনি জরিপ শাখা চালু করার জন্য অনুরোধ করেন। এছাড়া গাজীপুর ৫৭জন পুরুষ ও ১৯ জন মহিলা কাউন্সিলর আছে আমরা এক সাথে মিলে মিশে কাজ করব বয়স্ক ভাতা, বিধবা ভাতা, জন্মনিবন্ধন মহিলা কাউন্সিলদের হেয় প্রতিপন্ন করা হয়। নারী পুরুষ সকলে মিলে কাজ করার অনুরোধ করেন। তিনি নারী পুরুষ সবাইকে সমান সমান টেন্ডারের কাজ দেয়ার অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| বিবিধ-৮ঃ ৩১ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আলমাছ মোল্লা সভাকে জানান যে, সিটি কর্পোরেশনে মাটির রাস্তা নির্মাণ করার কোন পরিকল্পনা আছে কিনা তাহা জানতে চান । তিনি মাটির রাস্তা নির্মাণ করার অনুরোধ করেন। এছাড়া সিটি কর্পোরেশন এলাকায় মাটির ট্রাক চলাচল করে রাস্তা ক্ষতিগ্রস্থ করছে এর কোন অনুমোদন আছে কিনা এবং জরিমানা আছে কিনা তিনি জানতে চান। ইছালীতে মাটি ফেলে ভরাট করে পরিবেশ নষ্ট করছে। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সিটি কর্পোরেশনের রাস্তায় মাটির ট্রাক যেন চলাচল করতে না পারে সে বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধ-০৯ঃ গাজীপুর সিটি কর্পোরেশন ২ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মনির হোসেন তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভায় বলেন যে, মহিলা কাউন্সিলরগণ NOC, জন্ম নিবন্ধন দিচ্ছেন। টেন্ডারের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা, অটোরিক্সার যানজট নিরসন অতিব জরুরী। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ওয়ার্ড ভিত্তিক লাইসেন্স প্রদান এবং রমজান মাস উপলক্ষে পবিত্রতা রক্ষা করা, যার যার ওয়ার্ড পরিষ্কার রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কাউন্সিলরগণ গাজীপুর সিটি কর্পোরেশন। |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| **বিবিধ-১০ঃ** গাজীপুর সিটি কর্পোরেশন ৫১ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আমজাদ হোসেন তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সভাকে বলেন যে, সাতাইশ মেইন রাস্তায় পানি জমে। ড্রেনে ময়লা জমে, দ্রুত সমস্যা সমাধানের জন্য অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ড্রেনের ময়লা আবর্জনা পরিস্কার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন। |
| বিবিধ-১১ঃ সভাপতির অনুমতিক্রমে ৩৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মনিরুজ্জামান বলেন যে, প্রধান নির্বাহী কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করেন তৃতীয় পরিষদের তৃতীয় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বক্তব্য প্রদান করেন। তিনি সভায় প্রধান নির্বাহী কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি উপদেষ্টা মহোদয়কে ধন্যবাদ জানান সংসদ সদস্যদেরকে শুভেচ্ছা ও অভিনন্দন জানানোর জন্য। আল্লাহ্ নগর মাতাকে পাঠিয়েছেন। সিটির আমুল পরিবর্তন করেছেন একথা সত্য। সিটির উন্নয়নের জন্য উপদেষ্টা নির্বাচিত করেছেন। তিনি নগর মাতা জনাব জায়েদা খাতুনের জন্য দোয়া কামনা করেন। তিনি বলেন কাউন্সিলরগণ সিটি উন্নয়নের জন্য এসেছেন। জনগণের উন্নয়নের জন্য কাজ করবে ষড়যন্ত্র করার জন্য আসেননি। তিনি আরো জানান যে, বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সিদ্ধান্ত দিতে হবে। যারা টেন্ডার পাননি, তাদের টেন্ডারের ১,০০,০০০/- টাকার পে-অর্ডার ফেরত দিতে হবে। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পে-অর্ডার ফেরত দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | কাউন্সিলরগণ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধ-১২ঃ সভাপতির অনুমতিক্রমে ২২নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ সবদের হাসান তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের ২২নং ওয়ার্ডের বাংলা বাজার এরিয়ায় দেশী বিদেশী প্রতিষ্ঠান আছে। উক্ত এলাকার ড্রেনের মধ্যে বালি আছে। ডিপিপির প্রজেক্টে ঢুকে নাই। রাস্তা নির্মাণ করতে হবে। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ড্রেনের বালি পরিস্কার করার সিদ্ধান্ত গৃহিত হয়। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধ-১৩ঃ সভাপতির অনুমতিক্রমে ১৯নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ শাহীন আলম তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি গাজীপুর সিটি কর্পোরেশনকে সুন্দর করার জন্য উপদেষ্টা মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি সভায় সাবেক মেয়র অধ্যাপক এম,এ, মান্নানের মৃত্যুবার্ষিকী পালন করার প্রস্তাব করেন। তিনি আরো জানান যে, সাপনায় হাট বাজার বসাইয়া রাখছে, মাছের বাজার বসাইয়া রাখছে। নাগা দেশী পাড়া কাঁচা রাস্তা ইটের সলিং করার প্রস্তাব করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | নাগা দেশী পাড়া কাঁচা রাস্তা ইটের সলিং করার প্রস্তাব সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| বিবিধ-১৪ঃ সভাপতির অনুমতিক্রমে ২৫নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মজিবুর রহমান তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের ২৫নং ওয়ার্ড ও ২৮নং ওয়ার্ডের সংযোগস্থল ব্রীজের ৯০% কাজ বাকী আছে এবং বিভিন্ন রাস্তায় বৈদ্যুতিক তারের অভাবে বাতি নাই। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বর্ণিত কাজগুলো করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ ও বিদ্যুৎ শাখা গাজীপুর সিটি কর্পোরেশন। |
| বিবিধ-১৫ঃ সভাপতির অনুমতিক্রমে ৩৫নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মীর ওসমান গনি কাজল তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি মেয়রের প্যানেল নির্বাচনের বিষয়ে একমত পোষণ করেন। মাননীয় উপদেষ্টা মহোদয়কে সাধুবাদ জ্ঞাপন করেন। তিনি কাউন্সিলর হাজী মনিরুজ্জামানকে ধন্যবাদ জানান। তিনি ১৪ এপ্রিল থেকে হাট-বাজারের কাউন্সিলরগণের হস্তক্ষেপ কামনা করেন। তিনি ভারপ্রাপ্ত মেয়র আসাদুর রহমান কিরণের দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার প্রস্তাব করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ভারপ্রাপ্ত মেয়র আসাদুর রহমান কিরণের দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| বিবিধ-১৬ঃ সভাপতির অনুমতিক্রমে ৯নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব সফিকুল আমীন তপন তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি জানান যে, তার ওয়ার্ডের ২টি রাস্তা ১ বছর যাবৎ খোঁয়া বিছানো হয়েছে কিন্তু এখনও পর্যন্ত কার্পেটিং করা হচ্ছে না। ঠিকাদারের বিল পেন্ডিং থাকলে তাদের ধরে এনে ব্যবস্থা করার প্রস্তাব করেন। তিনি আরো জানান যে, দীর্ঘদিনের সাপ্লাই পানি দূষিত, ময়লা পানি মানুষ খেতে পারছেনা। তিনি কুকুর নিধনেরও প্রস্তাব করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বর্ণিত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ ও পানি সরবরাহ শাখা গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধ-১৭ঃ সভাপতির অনুমতিক্রমে ২৪নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মাহবুবুর রশীদ খান শিপু তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের রাজস্ব খাত ও বিদ্যুৎ খাতে ব্যাপক অনিয়ম হয়েছে। রাজস্ব খাতে ও বিদ্যুৎ খাতে যারা অনিয়মে জড়িত রয়েছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য সুপারিশ করেন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে রাজস্ব খাতে ও বিদ্যুৎ খাতে অনিয়মে জড়িতদের বিরুদ্ধে জরুরী ব্যবস্থা নেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসন বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| বিবিধ-১৮ঃ সভাপতির অনুমতিক্রমে সংরক্ষিত ১নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব পারভীন আক্তার তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তিনি সংসদ সদস্যদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি স্ব স্ব ওয়ার্ডে পুরুষ কাউন্সিলরদের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনার কাজ করার প্রস্তাব করেন। তিনি ১ কিলোমিটার রাস্তার পরিবর্তে ৩ কিলোমিটার রাস্তা দেয়ার প্রস্তাব করেন। | বর্ণিত বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন |
| বিবিধ-১৯ঃ সভাপতির অনুমতিক্রমে মেয়রের প্যানেল-৩ জনাব রাখি সরকার তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তাঁকে মেয়রের প্যানেল-৩ নির্বাচিত করায় তিনি মাননীয় মেয়র ও উপদেষ্টা মহোদয়কে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি সকলের সাথে হাত মিলিয়ে কাজ করার আহবান জানান। | | |
| বিবিধ-২০ঃ সভাপতির অনুমতিক্রমে মেয়রের প্যানেল-২ জনাব আলহাজ্ব মোঃ মিজানুর রহমান তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তাঁকে মেয়রের প্যানেল-২ নির্বাচিত করায় তিনি মাননীয় মেয়র ও উপদেষ্টা মহোদয়কে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। | | |
| বিবিধ-২১ঃ সভাপতির অনুমতিক্রমে মেয়রের প্যানেল-১ জনাব মোঃ মাসুদুল হাসান বিল্লাল তৃতীয় পরিষদের ৩য় কর্পোরেশন সভায় নবনির্বাচিত নগর মাতা মাননীয় মেয়র জনাব জায়েদা খাতুন ও উপদেষ্টা জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে স্বাগত জানান। তাঁকে মেয়রের প্যানেল-১ নির্বাচিত করায় তিনি মাননীয় মেয়র ও উপদেষ্টা মহোদয়কে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। তিনি গাজীপুর সিটি কর্পোরেশনের মানুষের বিগত দিনের সকল অন্যায় ও অনিয়মকে পিছনে ফেলে একে অপরের ভাই ও বন্ধু হয়ে সকলে মিলে ঐক্যবদ্ধভাবে কাজ করার আশা ব্যক্ত করেন। | | |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জায়েদা খাতুন
মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন

বিতরণ ঃ কাউন্সিলর (সকল)
গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর

কার্যবিবরণী স্মারক নং ৪৬.১৯.০০০০.০০৪.০৬.০০১.২২.১০৫০/১(১০০)

তারিখ ০১ ফাল্গুন ১৪৩০
১৪ ফেব্রুয়ারি ২০২৪

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন,গাজীপুর
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
৪. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. শাখা প্রধান (সকল) গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
৭. জনাব ...............................................................
৮. অফিস কপি।

১৪/০২/২০২৪
সচিব
গাজীপুর সিটি কর্পোরেশন

Scanned with CamScanner